২০২৪

# বাংলা - সাম্মানিক

## তৃতীয় সেমেস্টার

## পত্র : DSCC-3

## [ বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা গদ্যসাহিত্যের আদিপর্বের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের ভূমিকার পরিচয় দাও। ১৫

*অথবা,*

(খ) বাংলা প্রবন্ধ সাহিত্যে প্রমথ চৌধুরীর অবদান আলোচনা করো। ১৫

২। (ক) ঈশ্বরচন্দ্র গুপ্তকে 'যুগসন্ধির কবি' হিসেবে চিহ্নিত করবার কী কী সম্ভাব্য কারণ থাকতে পারে বলে তুমি মনে করো?— যুক্তিসহ বিচার করো। ১৫

*অথবা,*

(খ) বাংলা নাট্যসাহিত্যের যথার্থ জনক হিসেবে মধুসূদন দত্তের কৃতিত্ব বিচার করো। ১৫

৩। (ক) সামাজিক উপন্যাস রচনায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রতিভার পরিচয় দাও। ১৫

*অথবা,*

(খ) রবীন্দ্র-পরবর্তী বাংলা ছোটগল্পের ধারায় মানিক বন্দ্যোপাধ্যায়ের স্বাতন্ত্র্য কোথায় তা বুঝিয়ে দাও। ১৫

৪। ***যে-কোনো একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) হুতোমী গদ্য

(খ) সীতার বনবাস।

৫। ***যে-কোনো একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) পদাতিক কবি

(খ) পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষ।

৬। ***যে-কোনো একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) আনন্দমঠ

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ছোটোগল্প।

৭। একটি পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'সমাচার দর্পণ' কত সালে প্রকাশিত হয়?

(খ) 'পদ্মিনী উপাখ্যান' কী জাতীয় কাব্য?

(গ) 'মেঘনাদবধ কাব্য' কত সালে প্রকাশিত হয়?

(ঘ) 'সামাজিক প্রবন্ধ' গ্রন্থটির রচয়িতা কে?

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা একটি মনস্তাত্ত্বিক উপন্যাসের নাম লেখো।

(চ) বাংলা গীতিকাব্যের 'ভোরের পাখি' কাকে বলা হয়?

(ছ) 'শ্রীকান্ত' কী জাতীয় উপন্যাস?

(জ) 'বেলা অবেলা কালবেলা' কাব্যগ্রন্থের প্রকাশকাল উল্লেখ করো।

(ঝ) 'নীলদর্পণ' নাটক কত সালে প্রকাশিত হয়?

(ঞ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি কার লেখা?

(ট) বাংলা সাহিত্যে 'টেকচাঁদ ঠাকুর' কাকে বলা হয়?

(ঠ) গণনাটক 'নবান্ন'-এর প্রকাশকাল লেখো।

(ড) 'অগ্নিবীণা' কার রচনা?

(ঢ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা একটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।

(ণ) 'পূর্বলেখ' গ্রন্থটির রচয়িতা কে?

---

২০২৪

# বাংলা - সাম্মানিক

## তৃতীয় সেমেস্টার

## পত্র : DSCC-4

## (বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'সই কেবা শুনাইল'— পদটি কোন পর্যায়ের? এই পর্যায়টির পরিচয় দিয়ে পদটির কাব্যসৌন্দর্য বিচার করো। ১+৪+১০

*অথবা,*

(খ) 'যেতে পারি কিন্তু কেন যাব' কবিতায় মৃত্যুচেতনাকে অতিক্রম করে জেগে ওঠে বাঁচার আনন্দ,— আলোচনা করো। ১৫

২। (ক) "কৌতুকরসের বাস্তব ভিত্তি এখানেই— শিল্পের সীমায় রেখে তাকে সম্ভাব্য বিশ্বাসযোগ্যতা দান। 'লম্বকর্ণ' গল্পে তারই চমৎকার প্রয়োগ ঘটেছে।"— আলোচনা করো। ১৫

*অথবা,*

(খ) 'হারানের নাতজামাই' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

৩। (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটিতে যুগজীবনের চিত্র কতটা ফুটে উঠেছে তা আলোচনা করো। ১৫

*অথবা,*

(খ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে নবকুমার চরিত্রটি প্রহসনের চরিত্র হিসেবে কতদূর সার্থক হয়েছে তা আলোচনা করো। ১৫

৪। (ক) 'সব লোকে কয় লালন কি জাত'— গানটির মূলভাব সংক্ষেপে ব্যক্ত করো। ৫

*অথবা,*

(খ) 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতায় কবির অসাম্প্রদায়িক চেতনার যে-পরিচয় প্রকাশ পেয়েছে সংক্ষেপে তার পরিচয় দাও। ৫

৫। (ক) 'অভাগীর স্বর্গ' গল্পে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গ্রামজীবনের যে ছবি এঁকেছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) 'আদাব' গল্পে কে, কাকে 'আদাব' জানিয়েছে? তাৎপর্যসহ 'আদাব' কথাটির অর্থ ব্যাখ্যা করো। ৫

**Please Turn Over**

৬। (ক) "হে বিধাতা! তুমি আমাদের উপর এত বাম হলে কেন?"— বক্তা কে? উক্তিটির মধ্যে দিয়ে বক্তার মানসিকতার পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে বারবিলাসিনীদ্বয়ের প্রাসঙ্গিকতা সংক্ষেপে লেখো। ৫

৭। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও। ১×১৫

(ক) " 'পাসরিতে' করি মনে পাসরা না যায় গো
কি করিব কি হবে উপায়।'"— 'পাসরিতে' শব্দটির অর্থ লেখো।

(খ) 'হে বঙ্গ ভাণ্ডারে তব' কবিতাটি কোন কাব্যগ্রন্থে রয়েছে?

(গ) 'বলাকা' কবিতায় 'হংস বলাকা' কীসের প্রতীক?

(ঘ) সুকুমার রায়ের 'আবোল তাবোল' কত সালে প্রকাশিত?

(ঙ) "না কি এ শরীরের পাপের বীজাণুতে
কোনোই ত্রাণ নেই ভবিষ্যের?"— কোন কবিতার অংশ?

(চ) 'ভাবছি, ঘুরে দাঁড়ানোই ভালো।'— উদ্ধৃতিটি কোন কবিতা থেকে নেওয়া হয়েছে?

(ছ) 'মালতীবালা বালিকা বিদ্যালয়ে'র মুখ্য চরিত্র তথা বক্তার বর্তমান পেশা কী?

(জ) রবীন্দ্রনাথের 'শাস্তি' গল্পটি কত খ্রিস্টাব্দে লেখা হয়েছিল?

(ঝ) দুলে-বৌ কোন গল্পের চরিত্র?

(ঞ) "ঘাবড়াবার দরকার নাই ইয়েমিয়েলি সাহাব"— বক্তা কে?

(ট) "তুমি চইলা গেলে আমি একলা থাকুম নাকি"— কথাটি কে, কাকে উদ্দেশ্য করে বলেছে?

(ঠ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটি কত সালে প্রকাশিত হয়?

(ড) প্রসন্নময়ী ও নবকুমারের সম্পর্ক কী?

(ঢ) বাবাজি আসলে কে ছিলেন?

(ণ) "হাঁ, একটা ওল্ড ফুল ছিল বটে, তার নাম, কৃষ্ণপ্রসাদ ঘোষ"— বক্তা কে?

২০২৪

# বাংলা - সাম্মানিক

## তৃতীয় সেমেস্টার

## পত্র : SEC-3

## [ ব্যবহারিক বাংলা - ২ ]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নিচের গল্পসূত্র থেকে কমবেশি ৪০০ শব্দে একটি কাহিনি নির্মাণ করো— ১৫

এক বালক চতুষ্পাঠীতে পড়ত— তার মোটেই স্মৃতিশক্তি ছিল না— গুরু তাকে চতুষ্পাঠী থেকে তাড়িয়ে দিলেন— সে আত্মহত্যা করবে বলে নদীতীরে গেল— সেখানে দেখল, মেয়েরা ঘাটে পাথরের পাটে যেখানে কলসি রাখে— সেখানে একটা গর্ত হয়েছে— বার বার কলসির ঘষা লেগে পাথর ক্ষয়ে গেছে— তাই দেখে সে বুঝল বার বার চেষ্টা করলে কঠিন জিনিসও আয়ত্ত হয়— সে চতুষ্পাঠীতে ফিরে গেল— শেষে বিরাট পণ্ডিত হল— এই পণ্ডিতের নাম বোপদেব।

*অথবা,*

(খ) নিম্নলিখিত অংশ অবলম্বনে একটি চিত্রনাট্য নির্মাণ করো— ১৫

ভূপতির পিসতুতো ভাই অমল থার্ড-ইয়ারে পড়িতেছিল, চারুলতা তাহাকে ধরিয়া পড়া করিয়া লইত; এই কর্মটুকু আদায় করিয়া লইবার জন্য অমলের আবদার তাহাকে সহ্য করিতে হইত। তাহাকে প্রায়ই হোটেলে খাইবার খোরাকি এবং ইংরেজি সাহিত্যগ্রন্থ কিনিবার খরচ জোগাইতে হইত। অমল মাঝে মাঝে বন্ধুদের নিমন্ত্রণ করিয়া খাওয়াইত, সেই যজ্ঞ-সমাধার ভার গুরুদক্ষিণা স্বরূপ চারুলতা নিজে গ্রহণ করিত। ভূপতি চারুলতার প্রতি কোনো দাবি করিত না, কিন্তু সামান্য একটু পড়াইয়া পিসতুতো ভাই অমলের দাবির অন্ত ছিল না। তাহা লইয়া চারুলতা প্রায় মাঝে মাঝে কৃত্রিম কোপ এবং বিদ্রোহ প্রকাশ করিত; কিন্তু কোনো একটা লোকের কোনো কাজে আসা এবং স্নেহের উপদ্রব সহ্য করা তাহার পক্ষে অত্যাবশ্যক হইয়া উঠিয়াছিল।

অমল কহিল, "বউঠান আমাদের কলেজের রাজবাড়ির জামাইবাবু রাজঅন্তঃপুরের খাস হাতের বুননি কার্পেটের জুতো পরে আসে, আমার তো সহ্য হয় না— একজোড়া কার্পেটের জুতো চাই, নইলে কোনোমতেই পদমর্যাদা রক্ষা করতে পারছি নে।"

চারু। হাঁ, তাই বৈকি! আমি বসে বসে তোমার জুতো সেলাই করে মরি। দাম দিচ্ছি, বাজার থেকে কিনে আনো গে যাও।
অমল বলিল, 'সেটি হচ্ছে না।'

২। (ক) তোমার কলেজের প্রতিষ্ঠা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১৫

*অথবা,*

(খ) বিজ্ঞাপন বলতে কী বোঝো? সংবাদপত্রের বিজ্ঞাপনকে ক'টি শ্রেণিতে ভাগ করা যায়? যে-কোনো দুই প্রকার বিজ্ঞাপন সম্পর্কে বিস্তৃত আলোচনা করো। ২+৩+১০

৩। (ক) সাহিত্য ও চলচ্চিত্রের পারস্পরিক সম্পর্ক উল্লেখ করে উভয়ের সাদৃশ্য ও বৈসাদৃশ্য আলোচনা করো। ৫+১০

*অথবা,*

(খ) রবীন্দ্রনাথের কাহিনি অবলম্বনে নির্মিত 'ক্ষুধিত পাষাণ' চলচ্চিত্রের স্বাতন্ত্র্য বিষয়ে আলোকপাত করো। ১৫

৪। (ক) কোনো গল্পের চিত্রনাট্য লেখার সময় চিত্রনাট্যকারকে কোন কোন বিষয়ের প্রতি খেয়াল রাখতে হয়? ৫

*অথবা,*

(খ) গল্পে শিরোনামের গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) বিজ্ঞাপনের ভাষা কীরূপ হওয়া উচিত, সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) প্রতিবেদনের শিরোনাম রচনা করার সময় প্রতিবেদককে কোন কোন বিষয়ের দিকে খেয়াল রাখতে হয়? ৫

৬। (ক) 'পথের পাঁচালী' সিনেমায় ইন্দির ঠাকরুন ও দুর্গার মৃত্যু বোঝাতে কী কী প্রতীক ব্যবহার করা হয়েছে? ৫

*অথবা,*

(খ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রে পরিচালক কীভাবে কাঞ্চনের চোখ দিয়ে দেশভাগোত্তর কলকাতাকে দেখিয়েছেন, তা সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'চারুলতা' সিনেমাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্প অবলম্বনে নির্মিত?

(খ) 'ক্ষুধিত পাষাণ' সিনেমাটি কবে মুক্তি পায়?

(গ) 'পথের পাঁচালী' সিনেমাটির সংগীত পরিচালক কে ছিলেন?

(ঘ) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমাটির চিত্রগ্রাহক/ক্যামেরাম্যান কে ছিলেন?

(ঙ) ঋতুপর্ণ ঘোষ পরিচালিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস অবলম্বনে নির্মিত একটি চলচ্চিত্রের নাম লেখো।

(চ) বাংলায় সবাক ছবির যুগ শুরু হয় কবে?

(ছ) 'জলসাঘর' গল্পটি কার লেখা?

(জ) মানবেতর প্রাণী নিয়ে লেখা একটি বাংলা গল্পের নাম লেখো।

(ঝ) 'বুধনী' গল্পটি কী জাতীয় নামকরণের নিদর্শন?

(ঞ) বাংলা সাহিত্যে ছোটোগল্পের ভগীরথ কে?

(ট) 'কথাসাহিত্য' বলতে কী বোঝো?

(ঠ) প্রতিবেদক কাকে বলে?

(ড) সম্পাদকীয় প্রতিবেদন কাকে বলে?

(ঢ) বিজ্ঞাপনের সাধারণ লক্ষ্য কী?

(ণ) সাক্ষাৎকার রচনায় কমপক্ষে কয়জনের উপস্থিতি প্রয়োজন?